তারিখ: 23 MAY 2017
পৃষ্ঠা: 6 কলাম: 2

# উচ্চ মাধ্যমিকের ১০০ উত্তরপত্র রাবির হলে, আটক ২

■ রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) মন্নুজান হলের গণরুম থেকে ২০১৭ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ১০০ কপি উত্তরপত্র পাওয়া গেছে। গতকাল সোমবার বিকেল ৩টায় হলের গণরুম থেকে উত্তরপত্রগুলো উদ্ধার করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরে তা রাজশাহী শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের কাছে হস্তান্তর করা হয়।

এ ঘটনায় জড়িত নগরীর নিউ গভ. ডিগ্রি কলেজের আবুল কালাম আজাদ এবং শাহ মখদুম কলেজের মাসুদুল হাসানকে গতকাল রাত ৮টার দিকে আটক করা হয়েছে বলে জানিয়েছেন রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তরুণ কুমার সরকার। জিজ্ঞাসাবাদ শেষে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি।

প্রত্যক্ষদর্শী ও হল সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের এক ছাত্রী গণরুমে ওই উত্তরপত্র মূল্যায়ন করত। জানতে চাইলে ওই ছাত্রীর এক বন্ধু তাকে উত্তরপত্রগুলো দিয়েছে বলে জানায়। সোমবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এসে ওই ছাত্রীর কাছ থেকে উত্তরপত্রগুলো উদ্ধার করেন। এরপর তাকে জিজ্ঞাসাবাদও করেন প্রক্টর। এরপর সেখানে আসেন রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তরুণ কুমার সরকার। পরে বিকেল সোয়া ৬টার দিকে তারা হল থেকে বের হয়ে যান।

সূত্র জানায়, রাজশাহী নিউ গভ. ডিগ্রি কলেজের আবুল কালাম আজাদ উত্তরপত্রগুলো মূল্যায়নের দায়িত্ব পান। তিনি ওই উত্তরপত্রগুলো মূল্যায়নের জন্য শাহ মখদুম কলেজের প্রভাষক ও এমপিথ্রি কোচিংয়ের রাবি শাখার পরিচালক মাসুদুল হাসানকে দেন। মাসুদ তার কোচিংয়ে কর্মরত রাবি ছাত্রকে সেগুলো দেন। ওই ছাত্র তার বান্ধবীকে উত্তরপত্রগুলো মূল্যায়নের জন্য দেয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর